

# আধুনিক ক্রীতদাসত্বের শিকার হিসাবে সহায়তা পাওয়া (প্রাপ্তবয়স্ক)

WEST YORKSHIRE POLICE

ওয়েস্ট ইয়র্কশায়ার অ্যান্টি স্লেভারি নেটওয়ার্ক

ইউনাইটেড কিংডম (UK)-এ আধুনিক ক্রীতদাসত্বকে একটা ফৌজদারী অপরাধ হিসাবে বিবেচনা করা হয়। এটি বিভিন্ন ধরণের হতে পারে, তবে তার মধ্যে থাকতে পারে যৌন শোষণ, জোর করে কাজ করানো, অপরাধমূলক শোষণ, ঘরের কাজে দাসত্ব করা, শরীরের অঙ্গপ্রত্যঙ্গ ও মানব পাচার করা।

মানবপাচার করা হচ্ছে প্রতারণা অথবা জোর করে একটা শোষণের পরিস্থিতি সুযোগ নিয়ে কোন লোককে নিয়োগ করা, তাকে কোথাও নিয়ে যাওয়া অথবা তাকে গ্রহণ করা। আপনাকে হয়ত বলা হয়েছে যে আপনি আইনসম্মতভাবে কাজ করার জন্য ইউনাইটেড কিংডম (UK)-এ আসছেন। কিন্তু এখানে আসার পরে আপনাকে কাজ করতে বাধ্য করা হয় এবং আপনি তা না করতে চাইলে আপনাকে হুমকি দেওয়া হয়।


# ন্যাশনাল রেফারাল মেকানিজম (NRM)

ন্যাশনাল রেফারাল মেকানিজম (NRM) হচ্ছে একটি ব্যবস্থা যা আধুনিক ক্রীতদাসত্ব কাটিয়ে ওঠা ব্যক্তিদের শনাক্ত করে ও রেফার করে এবং আপনার উপযুক্ত সহায়তা পাওয়া সুনিশ্চিত করে।

আপনি যদি চান যে, ইউনাইটেড কিংডম (UK)-এর সরকার আপনাকে আধুনিক ক্রীতদাসত্বের শিকার বলে স্বীকৃতি দিক, সেক্ষেত্রে আপনি এর জন্য অনুরোধ করতে পারেন যে, একটি এনআরএম (NRM) রেফারাল জমা দেওয়ার জন্য তারা যাতে একজন প্রথম উত্তরদাতাকে জিজ্ঞাসা করার মাধ্যমে আপনার দাবিটিকে বিবেচনা করে। হোম অফিসের প্রশিক্ষণপ্রাপ্ত সিদ্ধান্ত গ্রহণকারীরা আপনার দাবি বিবেচনা করে দেখবে, যাতে তারা স্থির করতে পারেন যে তারা আপনাকে আধুনিক ক্রীতদাসত্বের শিকার বলে বিশ্বাস করতে পারছেন কি না। সিদ্ধান্ত গ্রহণকারীরা প্রথমে স্থির করবেন যে, আপনাকে আধুনিক ক্রীতদাসত্বের একজন শিকার বলে সন্দেহ করার মত '**সঙ্গত কারণগুলি**' আছে কিনা তাদের লক্ষ্য হচ্ছে এই **প্রথম সিদ্ধান্তটা ৫ দিনের মধ্যে** নেওয়া, এবং আপনি যদি নিঃস্ব হন তাহলে এই সময়ের জন্য জরুরী বাসস্থান পাওয়ার অধিকার আপনার রয়েছে। আপনি যদি একটা ইতিবাচক 'সঙ্গত কারণের' সিদ্ধান্ত পান, তাহলে ইউনাইটেড কিংডম-এর সরকারের কাছ থেকে আপনার একটা বিশেষ পর্যায়ের সহায়তা পাওয়ার অধিকার আছে। **আপনার দাবি বিবেচনাকালে, আপনাকে ইউনাইটেড কিংডম (UK) থেকে বের করে দেওয়া যাবে না।** আপনার **সর্বনিম্ন 45 দিনের বিশ্রাম ও গভীর ভাবে চিন্তা করে দেখার সময়** - পাওয়ার অধিকার আছে, কিছু লোকের জন্য তা আরও বেশি দিন হতে পারে। এই সময়ে ইউনাইটেড কিংডম (UK) সরকার আপনার সম্বন্ধে আরও তথ্য সংগ্রহ করবে **এবং আপনি যে আধুনিক দাসত্বের শিকার**

সেটা তারা বিশ্বাস করে কিনা সে বিষয়ে তারা তাদের চূড়ান্ত সিদ্ধান্ত (একটা 'কনক্লুসিভ গ্রাউন্ডস' সিদ্ধান্ত) নেবে।
আপনি যদি একটা **ইতিবাচক কনক্লুসিভ গ্রাউন্ডস** সিদ্ধান্ত পান তাহলে তা নিশ্চিত করবে যে, ইউনাইটেড কিংডম (UK)-এর সরকার বিশ্বাস করে যে, আপনি আধুনিক ক্রীতদাসত্বের শিকার এবং আপনি তা কাটিয়ে ওঠার জন্য অতিরিক্ত সহায়তা পাওয়ার অধিকারী হতে পারেন।

আপনি যদি এখনই এই সিদ্ধান্ত নেওয়ার জন্য তৈরী না থাকেন, তাহলে আপনি ভবিষ্যতে একটা রেফারাল পাঠানোর জন্য অনুরোধ করতে পারেন। আপনার যদি নির্যাতিত হওয়ার ঝুঁকি থাকে অথবা আপনার সেবা ও সহায়তা পাওয়ার দরকার থাকে, তাহলে কেয়ার অ্যাক্ট (2014) অনুযায়ী আপনার লোকাল অথরিটির কাছ থেকে সহায়তা পাওয়ার অধিকার থাকতে পারে।



# আপনি যদি চান যে এনআরএম (NRM)-এর কাছে আপনাকে রেফার করা হোক...

তাহলে আপনার প্রথম উত্তরদাতা আপনার সাথে একটা এনআরএম (NRM)-এর রেফারাল সম্পূর্ণ করবেন। প্রথম উত্তরদাতা হচ্ছেন কিছু বিশেষ প্রতিষ্ঠানের মধ্যেকার একজন পেশাদার ব্যক্তি, যিনি এনআরএম (NRM)-এর কাছে রেফারাল করার জন্য প্রশিক্ষণপ্রাপ্ত রয়েছেন, যেমন:




পুলিশ



স্যাল্‌ভেশন আর্মি




বিশেষজ্ঞ দাতব্য প্রতিষ্ঠান




লোকাল অথরিটি


আপনি যদি একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তি (18 বছরের বেশী বয়সের) হন, তাহলে এনআরএম (NRM)-এর কাছে রেফার করার জন্য আপনাকে অনুমতি দিতে হবে। এনআরএম (NRM)-এর কাছে একটি রেফার করার অনুমতি দিয়ে, আপনি হোম অফিস ডিপার্টমেন্ট ও পুলিশের মত প্রাসঙ্গিক কর্তৃপক্ষকে আপনার তথ্য জানানোর অনুমতি দিচ্ছেন। আপনাকে পুলিশের কাছে রিপোর্ট করতে হবে না, কিন্তু তারা হয়ত আপনার সাথে যোগাযোগ করে জিজ্ঞাসা করবে যে, তা করার জন্য আপনার সহায়তা পাওয়ার দরকার হবে কিনা। আপনার ব্যক্তিগত তথ্য, আপনার সাথে কি ঘটেছে তার বিবরণ এবং ইউনাইটেড কিংডম (UK)-এ আপনার আসা এবং/অথবা ইউনাইটেড কিংডম (UK)-এর মধ্যে আপনার চলাফেরা সম্বন্ধে আপনাকে প্রশ্ন করা হবে।

মানবপাচার ও আধুনিক ক্রীতদাসত্বের নির্দেশকগুলি বোঝার জন্য প্রথম উত্তরদাতারা প্রশিক্ষণপ্রাপ্ত রয়েছেন এবং আপনার দাবির সমর্থনে তারা তথ্য লিখতে পারবেন। প্রথম উত্তরদাতার উচিত সব কিছু আপনাকে পড়ে শোনানো, যাতে নিশ্চিত করা যায় যে তা নির্ভুল রয়েছে এবং নিজের কাছে রাখার জন্য আপনার এই ফর্মের একটা কপির জন্য অনুরোধ করা উচিত। এই প্রক্রিয়াটি যতদিন চলবে, ততদিন আপনাকে একটা অস্থায়ী বাসস্থানে বাস করার জন্য সরিয়ে নিয়ে যাওয়া হতে পারে, এবং আপনি যখন আপনার সঙ্গত কারণগত সিদ্ধান্ত পাবেন, তখন আপনাকে জানানো হবে যে আপনাকে এই বাসস্থান ছেড়ে চলে যেতে হবে কি না।

এই পর্যায়ে আপনি যদি একটা নেতিবাচক সঙ্গত কারণ পান - **সেক্ষেত্রে অ-এনআরএম (Non-NRM) বিভাগটি দেখুন** , তাছাড়াও আপনার দাবির সমর্থনে আপনার কাছে যদি আরো প্রমাণ থাকে, তাহলে এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপনি আপনার প্রথম উত্তরদাতাকে আপীল করার জন্য অনুরোধ করতে পারেন।



# এনআরএম (NRM)-এ সেবা ও সহায়তার জন্য যা বেছে নেওয়া যায়: বাইরে পৌঁছে গিয়ে সহায়তা অথবা বাসস্থান ও সহায়তা



আপনাকে যদি  এনআরএম (NRM)-এ একটা **ইতিবাচক সঙ্গত কারণের** সিদ্ধান্ত দেওয়া হয়, সেক্ষেত্রে বিশেষজ্ঞ প্রতিষ্ঠানগুলি আপনাকে সহায়তা দিতে পারবে। ভিকটিম কেয়ার কন্ট্র্যাক্টর (VCC) আপনাকে সহায়তাকারী প্রতিষ্ঠানের কাছে রেফার করতে পারে, যারা আপনাকে নিচের জিনিসগুলি পেতে সাহায্য করবে:

**বাসস্থান** এবং জরুরি বাসস্থান

**ডাক্তারী চিকিৎসা** এবং কাউন্সেলিং পাওয়া

**আর্থিক** এবং জিনিসপত্রের সাহায্য

**মানসিক ও ব্যবহারিক** পরামর্শ ও সহায়তা

**ক্ষতিপূরণ** পাওয়ার অধিকার সংক্রান্ত তথ্য

**আইন সংক্রান্ত প্রতিনিধিত্ব** এবং আইনি সহায়তা পাওয়া

**অ্যাপয়েন্টমেন্টে** যাতায়াত করা

**ফৌজদারী অপরাধের বিরুদ্ধে আইনি কার্যধারার সময়** সাহায্য

**প্রশিক্ষণ ও শিক্ষা** এবং শ্রম বাজারে অংশগ্রহণ করতে পারা

**দোভাষী** ও অনুবাদ পাওয়া

**নিজের দেশে** ফিরে যেতে সাহায্য এবং বিবেচনামূলক অনুমতি

**বিকল্প সহায়তায় স্থানান্তরিত হওয়ার সময়** পরিবর্তিত অবস্থার জন্য সহায়তা

আপনি যদি নিঃস্ব হন এবং আপনার বাসস্থান পাওয়ার অধিকার না থাকে, অথবা বর্তমানে আপনি যেখানে বাস করেন সেই জায়গাটা যদি আপনার জন্য নিরাপদ না হয়, তাহলে আপনি অস্থায়ী নিরাপদ বাসস্থান পেতে পারেন।

আপনার যদি বাস করার জন্য ইতিমধ্যেই একটা নিরাপদ বাসস্থান থাকে, বাসস্থান পাওয়ার অধিকার থাকে, অথবা কোন নিরাপদ বাসস্থানে আপনাকে গ্রহণ করা না হয়, তাহলে বিশেষজ্ঞ সহায়তা প্রতিষ্ঠানগুলি আপনাকে বাইরে পৌঁছে গিয়ে সহায়তা দিতে পারবে। স্থানীয় বিশেষজ্ঞ প্রতিষ্ঠান থেকে আপনার জন্য একজন কেসওয়ার্কার নির্দিষ্ট করে দেওয়া হবে এবং আপনাকে উপরে উল্লিখিত সহায়তাগুলি অফার করা হবে।

**5 দিন** — **45 দিন (সর্বনিম্ন)**

এনআরএম (NRM)-এর কাছে রেফারাল জমা দেওয়া → প্রথম সিদ্ধান্ত 'সঙ্গত কারণগুলি' → চূড়ান্ত সিদ্ধান্ত 'কনক্লুসিভ গ্রাউন্ডস'

# আইন সংক্রান্ত পরামর্শ

একটা**ইতিবাচক সঙ্গত কারণ অথবা কন্‌ক্লুসিভ গ্রাউন্ডস-এর সিদ্ধান্ত পেলে**, বিনা খরচে কিছু ধরনের আইন সংক্রান্ত পরামর্শ পাওয়ার জন্য আপনার আইনি সহায়তা পাওয়ার অধিকার আছে।

দরকার হলে, ইমিগ্রেশনের ব্যাপারে আপনি কী কী বেছে নিতে পারেন সেই বিষয়ে এবং আইন সংক্রান্ত পরামর্শের অন্যান্য দিক সম্বন্ধে আপনি আলোচনা করতে পারবেন। ইউনাইটেড কিংডম (UK)-এ আপনার অবস্থা যদি নির্দিষ্ট না থাকে, তাহলে ইমিগ্রেশনের অপশনগুলি সম্পর্কে আপনার চিন্তাভাবনা করতে শুরু করা উচিত।

একটা আবেদন সম্পূর্ণ করতে সহায়তার জন্য আপনার তথ্য সংগ্রহ করা উচিত এবং কোন অপশনটি আপনার পক্ষে সবচেয়ে উপযুক্ত হবে সেই বিষয়ে আপনার আইনি পরামর্শ নেওয়া উচিত।



# আপনি যদি একটা ইতিবাচক ‘কনক্‌লুসিভ গ্রাউন্ডস’ (CG) সিদ্ধান্ত পান


5 দিন — 45 দিন (সর্বনিম্ন)

এনআরএম (NRM)-এর কাছে রেফারাল জমা দেওয়া → প্রথম সিদ্ধান্ত 'সঙ্গত কারণগুলি' → চূড়ান্ত সিদ্ধান্ত 'কনক্‌লুসিভ গ্রাউন্ডস'

আপনি যদি একটা**ইতিবাচক কন্‌ক্লুসিভ গ্রাউন্ডস (CG) সিদ্ধান্ত পান**তাহলে সেটা নিশ্চিত ভাবে জানায় যে **এই সরকার বিশ্বাস করে যে, আপনি আধুনিক ক্রীতদাসত্বের একজন শিকার**।
আপনার সহায়তা প্রদানকারী আপনার সাথে এর প্রভাব কাটিয়ে ওঠার প্রয়োজনের একটি মূল্যায়ন সম্পূর্ণ করবেন। আপনি ঠিক হয়ে যাওয়ার একটা যুক্তিযুক্ত পর্যায়ে না পৌঁছানো পর্যন্ত এবং নিরাপদে অন্য কোন প্রতিষ্ঠানের সহায়তার মধ্যে স্থানান্তরিত হতে না পারা পর্যন্ত, আপনি যাতে সহায়তার বাইরে চলে না যান তা নিশ্চিত করতে এই মূল্যায়ন করা হয়।

**এটি অন্ততঃ ৪৫ দিনের অতিরিক্ত সহায়তা হবে।**

আপনি যদি একটি**নেতিবাচক কন্‌ক্লুসিভ গ্রাউন্ডস (CG) সিদ্ধান্ত পান**, তাহলে তার মানে হচ্ছে যে এই সরকার যথেষ্ট প্রমাণ পায়নি যা ইঙ্গিত করে যে আপনি আধুনিক ক্রীতদাসত্বের একজন শিকার। একটা সহায়তা প্রতিষ্ঠানের বাইরে যাওয়া**এবং আপনার দরকার হলে অন্যান্য সহায়তা পাওয়ার জন্য** আপনাকে ৭ দিনের জন্য সহায়তা দেওয়া হবে। আপনি পেতে পারেন এরকম সহায়তা সম্বন্ধে আরো তথ্যের জন্য উল্টো পৃষ্ঠায় দেখুন।



**আপনি যদি আপনার কনক্লুসিভ গ্রাউন্ডস-এর সিদ্ধান্তের সাথে একমত না হন** এবং বিশ্বাস করেন যে আপনি যা ভোগ করেছেন তা আধুনিক ক্রীতদাসত্বের সংজ্ঞার মাপকাঠি পূরণ করে, সেক্ষেত্রে একটি পুনর্বিবেচনা করে দেখার অনুরোধ জমা দিতে আপনাকে সাহায্য করার জন্য, আপনি আপনার সহায়তা প্রদানকারী, আইন সংক্রান্ত প্রতিনিধি অথবা প্রথম উত্তরদাতাকে অনুরোধ করতে পারেন। আপনার দাবি বিবেচনা করে দেখার সময় যেসব তথ্য বাদ পড়েছে বলে আপনি মনে করেন, সেগুলি আপনি এর অন্তর্ভুক্ত করতে পারেন। যতদিন না আবার বিবেচনা করে দেখা হচ্ছে, ততদিন আপনি আপনার সহায়তা পেতে থাকবেন।



# আপনি যদি এনআরএম (NRM)-এ প্রবেশ না করেন অথবা আপনি যদি একটা নেতিবাচক সঙ্গত কারণ (RG) বা কনক্লুসিভ গ্রাউন্ডস(CG) সিদ্ধান্ত পান।

আধুনিক ক্তরীদাসত্ব হচ্ছে একটা নির্দিষ্ট ধরনের অপরাধ। একটা নেতিবাচক সিদ্ধান্ত পাওয়ার মানে হয়ত এই নয় যে আপনার সাথে যা ঘটেছে তা বিশ্বাস করা হচ্ছে না, কিন্তু আপনার সাথে যা ঘটেছে **তা হয়ত আধুনিক ক্রীতদাসত্বের মাপকাঠিগুলি পূরণ করছে না** এবং **আপনার বিকল্প সহায়তা পাওয়ার অধিকার থাকতে পারে**।

আপনার যদি নির্যাতিত হওয়ার ঝুঁকি থাকে অথবা আপনার যদি সেবা ও সহায়তা পাওয়ার প্রয়োজন থাকে, তাহলে কেয়ার অ্যাক্ট (2014) অনুসারে **আপনার হয়ত লোকাল অথরিটির কাছ থেকে সহায়তা পাওয়ার অধিকার থাকবে**।

# ইমিগ্রেশনের অপশনগুলি এবং আইনি পরামর্শ

আপনার যদি ইউনাইটেড কিংডম-এ বাস করার আইনগত অধিকার না থাকে, তাহলে ইমিগ্রেশনের অপশনগুলি সম্পর্কে আপনার ভাবতে শুরু করা উচিত। যদি আপনি তা করতে চান, তাহলে ইউনাইটেড কিংডম (UK)-এ থেকে যাওয়ার **abedon সম্পূর্ণ করতে আপনাকে সহায়তা করতে পারে এরকম তথ্যগুলি আপনার সংগ্রহ করা উচিত** এবং আপনার কোন অপশনটি সবচেয়ে উপযুক্ত হবে সে বিষয়ে আইনি পরামর্শ নিন।

আইনি পরামর্শ পাওয়ার জন্য**আপনি আর্থিক সাহায্য পাওয়ার অধিকারী হতে পারেন বা নাও হতে পারেন** , আপনার শুধু যোগ্যতাসম্পন্ন **আইনি পরামর্শদাতার কাছ থেকে পরামর্শ নেওয়া উচিত**, তারা হয়ত আপনাকে আইনি সহায়তা, বিনামূল্যে পরামর্শ অথবা বিনা খরচের আইনি পরামর্শের কেন্দ্রগুলি অফার করতে পারেন। আপনার আইনি পরামর্শদাতাকে **এই পরিষেবা দেওয়ার জন্য অর্থপ্রদান করতে হবে কি না** তা সবসময় আগে থেকে জেনে নেওয়া উচিত।

আপনি www.gov.uk একজন ইমিগ্রেশন সংক্রান্ত পরামর্শদাতাকে খুঁজে পেতে পারেন এবং 'ইমিগ্রেশন পরামর্শদাতা' দিয়ে সন্ধান করতে পারেন। তা নাহলে , আপনি যোগাযোগ করতে পারেন:

OFFICE OF THE IMMIGRATION SERVICES COMMISSIONER

OISC

টেলিফোন: 0845 000 0046
ওয়েবসাইট: www.oisc.gov.uk

কোনো**যোগ্যতাবিহীন অথবা রেজিস্টার না করা ব্যক্তির** আপনাকে পরামর্শ দেওয়া বেআইনী এবং এক্ষেত্রে আপনার ঝুঁকি থাকবে যে তাদের পরামর্শ সঠিক বা সাম্প্রতিক নাও হতে পারে।
আপনি যদি আপনার মূল দেশে ফিরে যেতে চান,**তাহলে হোম অফিসের ভলান্টারী রিটার্নস সার্ভিস** আপনাকে আপনার মূল দেশে ফিরে যেতে সাহায্য করতে সক্ষম হতে পারে। আপনি তাদের সাথে **0300 004 0202 নম্বরে যোগাযোগ করতে পারেন**. এই দলটি আপনার ফিরে যাওয়া এবং আপনার সম্ভাব্যভাবে প্রয়োজনীয় সহায়তা সম্পর্কে আলোচনা করতে পারে। আপনার পক্ষে তা যদি নিরাপদ হয়, তাহলে সহায়তার জন্য আপনি আপনার **দূতাবাসের সাথেও** যোগাযোগ করতে পারেন।

# স্বাস্থ্যসেবা

## এনএইচএস (NHS)-এর রোগী হিসাবে যে কোন ব্যক্তি একজন জিপি (GP)-র সাথে রেজিস্টার করতে পারেন।

কোনো প্রাথমিক সেবা (যেমন, জিপি) অথবা ডাক্তারী চিকিৎসার জন্য আপনাকে কোনো খরচ দিতে হয় না তাছাড়াও, আপনি যদি একজন সাধারণ অধিবাসী, আশ্রয়প্রার্থী অথবা উদ্বাস্তু হন অথবা সরকারের স্বীকৃতি পাওয়া আধুনিক ক্রীতদাসত্বের সম্ভাব্য শিকার হন, তাহলে স্বাস্থ্যসেবা খরচের ক্ষেত্রেও আপনাকে ছাড় দেওয়া হবে।

কিছু এনএইচএস (NHS) চিকিৎসাগত সেবা **বিনা খরচে পাওয়া যাবে না** এবং কিছু চিকিৎসা করার আগে আপনাকে হয়ত আগে থেকে টাকা দিতে হবে - আপনি যদি নিশ্চিত না হন, তাহলে আপনার অধিকার সম্বন্ধে আপনার কোন প্রশ্ন থাকলে তা আপনার একজন চিকিৎসাগত পেশাদারকে জিজ্ঞাসা করা উচিত। যদি তারা আপনার অবস্থা সম্বন্ধে নিশ্চিত না হন, তাহলে এনএইচএস (NHS) হয়ত হোম অফিসের সাথে আপনার ইমিগ্রেশন সংক্রান্ত অবস্থা যাচাই করে দেখতে পারে, তা যদি করা হয়, তাহলে তাদের তা আপনাকে জানানো উচিত এবং তারা আপনাকে এই বিষয়ে তথ্য দিতে পারবে।





# বাসস্থান পাওয়া

আপনি যদি সাধারণ ভাবে ইউনাইটেড কিংডম (UK)-এর অধিবাসী হন, অথবা আপনার থেকে যাওয়ার জন্য বিশেষ ধরনের অনুমতি থাকে,**তাহলে আপনার ইউনাইটেড কিংডম (UK)-এ বাসস্থান পাওয়ার অধিকার থাকতে পারে** এবং এর মধ্যে গৃহহীনদের পরিষেবাও রয়েছে।

আপনার যদি ইউনাইটেড কিংডম-এ কোন নির্দিষ্ট স্থিতি না থাকে,**তাহলে আপনার বাসস্থান পাওয়ার অধিকার নাও থাকতে পারে এবং তাদের হয়ত বাসস্থান পেতে অসুবিধা হতে পারে।** পরামর্শের জন্য আপনার স্থানীয় হাউজিং টীমের সাথে যোগাযোগ করা উচিত।

আপনার অধিকার ও প্রাপ্য জিনিসগুলি সম্বন্ধে আপনি**সিটিজেন্‌স অ্যাড্‌ভাইস ব্যুরো** অথবা **আইনি প্রতিনিধির** কাছ থেকে পরামর্শ পেতে পারেন।

## কল্যাণকারী আর্থিক সহায়তা পাওয়া

আপনার যদি একটা স্থিত অবস্থা যেমন উদ্বাস্তু স্থিতি অথবা মানবতা সংক্রান্ত সুরক্ষা থাকে, অথবা ইউনাইটেড কিংডম (UK)-এ বাস করার অনুমতি থাকে, **সেক্ষেত্রে আপনি হয়ত সরকারের কল্যাণকারী সহায়তা, ইউনিভার্সাল ক্রেডিট**-এর জন্য আবেদন করার অধিকারী হতে পারেন।

আপনি কল্যাণকারী সহায়তার জন্য আবেদন করতে পারবেন কিনা সে বিষয়ে আপনি সিটিজেন্‌স অ্যাডভাইস ব্যুরো, সরকারী ওয়েবসাইট অথবা আইনি সহায়তা প্রদানকারীর কাছ থেকে পরামর্শ পেতে পারেন ও তা নিয়ে তাদের সাথে আলোচনা করতে পারেন।



## আশ্রয়প্রার্থীদের জন্য সহায়তা

আপনি যদি একজন আশ্রয়প্রার্থী হন অথবা আশ্রয় দাবী করতে চান, তাহলে আপনি **ন্যাশনাল অ্যাসাইলাম সীকার সাপোর্ট (NASS)** পাওয়ার অধিকারী হতে পারেন, যোগাযোগ করার তথ্যের জন্য তথ্যের পৃষ্ঠা দেখুন।

এই পরামর্শ দেওয়া হচ্ছে যে, একটি আশ্রয় পাওয়ার দাবি জমা দেওয়ার আগে আপনি যাতে আইনি পরামর্শ গ্রহণ করেন।



## সহায়তা

সহায়তা পরিষেবাগুলি ও অন্যান্য পরিষেবার একটা তালিকা এর সাথে দেওয়া হল, যারা আপনার বাসস্থানের এলাকায় সহায়তার দিকে নির্দেশিত করতে পারবে। এর মধ্যে রয়েছে ফুড ব্যাঙ্ক এবং গৃহহীনদের আশ্রয়।

# আপনার টীকাগুলি

Wates
supported by Wates Group

WEST YORKSHIRE POLICE

ওয়েস্ট ইয়র্কশায়ার অ্যান্টি স্লেভারি নেটওয়ার্ক